তারিখ ···· 30 AUG 2016
পৃষ্ঠা ··১·৭·· কলাম ·৪·····

দৈনিক
ইত্তেফাক




ভাণ্ডারিয়া (পিরো পুর) : ধাওয়া রাজপাশা আদর্শ মাধ্যমিক বিদ্যালয় মিলনায়তনে মানসম্মত শিক্ষা বিষয়ক সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক মো. খায়রুল আলম সেখ —ইত্তেফাক

# ভাণ্ডারিয়ায় মানসম্মত শিক্ষা বিষয়ক সভা

**ভাণ্ডারিয়া (পিরোজপুর) সংবাদদাতা॥** ভাণ্ডারিয়ায় গতকাল সোমবার সকালে ধাওয়া ইউনিয়ন পরিষদের উদ্যোগে যৌতুক, বাল্য বিবাহ, নারী নির্যাতন, মাদক, জঙ্গি ও সন্ত্রাসবিরোধী এবং মানসম্মত শিক্ষা বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন পিরোজপুর জেলা প্রশাসক মো. খায়রুল আলম শেখ। জাতীয় পার্টি (জেপি)'র উপজেলা সদস্য সচিব ও ধাওয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. সিদ্দিকুর রহমান টুলুর সভাপতিত্বে বক্তব্য রাখেন জাতীয় পার্টি (জেপি)'র উপজেলা যুগ্ম আহ্বায়ক ও উপজেলা চেয়ারম্যান আতিকুল ইসলাম উজ্জল তালুকদার, ইউএনও মোহাম্মদ রুহুল কুদ্দস, পিরোজপুর জেলা সহকারী প্রাথমিক শিক্ষা অফিসার মো. আমিনুল ইসলাম, ভাণ্ডারিয়া থানার ওসি শেখ আওয়াল কবির, সহকারী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. ইউসুফ আলী, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি আ. রশিদ মাস্টার, প্রধান শিক্ষক আবুল কালাম খান, মো. হারুনার রশিদ, লুৎনন্নেছা মাধবী প্রমুখ। এ সময় উপস্থিত ছিলেন জনপ্রতিনিধি, ধাওয়া ইউনিয়নের সকল প্রাথমিক শিক্ষকসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। সভাশেষে প্রধান অতিথি ওই বিদ্যালয়ে শেখ রাসেল ডিজিটাল ল্যাবের উদ্বোধন ও অবসরপ্রাপ্ত শিক্ষকদের মাঝে সম্মাননা ক্রেস্ট বিতরণ করেন।